



নম্বর: ২৫.৪৩.০০০০.০০০.০০১.০৩.০০০১.২২.৫১

তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩
২৯ অক্টোবর ২০২৬

জরুরি গণবিজ্ঞপ্তি

বিষয়: সরকারি আবাসন পরিদপ্তরের অধীন বাসা/ফ্ল্যাটে সাবলেট/ ভাড়া বন্ধকরণ।

এতদ্বারা সরকারি আবাসন পরিদপ্তরের আওতাধীন সকল সরকারি বাসা/ফ্ল্যাটের বরাদ্দপ্রাপক এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি আবাসন পরিদপ্তরের পরিদর্শন দলের প্রতিবেদনে দেখা গেছে, কতিপয় বরাদ্দপ্রাপক তাঁদের অনুকূলে বরাদ্দকৃত বাসা/ফ্ল্যাটের ১ (এক) রুম, ২ (দুই) রুম বা পুরো ফ্ল্যাট/বাসা অন্যকে সাবলেট/ভাড়া দিয়েছেন। এ ধরনের কার্যক্রম বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ এর পরিপন্থী।

এমতাবস্থায়, সরকারি আবাসন পরিদপ্তরের অধীন কোনো বাসা/ফ্ল্যাটের বরাদ্দপ্রাপক কর্তৃক তাঁর নামে বরাদ্দকৃত বাসা/ফ্ল্যাটের সম্পূর্ণ বা আংশিক (এক বা একাধিক রুমসহ) কোনোভাবেই সাবলেট/ভাড়া প্রদান না করার জন্য অনুরোধ করা হলো। যারা ইতোমধ্যে সাবলেট/ভাড়া প্রদান করেছেন, তাঁদের আগামী ৩১.১০.২০২৬ তারিখের মধ্যে সাবলেট/ভাড়াটিকে আবশ্যিকভাবে অপসারণপূর্বক যথানিয়মে বরাদ্দকৃত বাসায় অবস্থান/বসবাস করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

অন্যথায় উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর কোনো বাসায় সাবলেট/ভাড়া পাওয়া গেলে আর কোনো কারণ দর্শানো ছাড়াই বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ অনুযায়ী সংশ্লিষ্ট বরাদ্দপ্রাপকের বরাদ্দ বাতিলসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় শাস্তিমূলক ও আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। একইসাথে উক্ত বিধিমালার বিধি ১৪(৩) অনুযায়ী সংশ্লিষ্ট বরাদ্দপ্রাপকের অফিস প্রধান ও নিয়োগকারী কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করে তাঁর বিরুদ্ধে শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হবে।

২৯-১০-২০২৬

মোঃ জহিরুল ইসলাম খান
পরিচালক

ফোন : +৮৮০২৫৫১০১০৩৭

ফ্যাক্স : ০২-৯৫৪৬৪৬৩

ইমেইল : director@dog.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর।
- ২। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়(মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়(প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সচিব-এর একান্ত সচিব (উপসচিব), সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন-১ অনুবিভাগ) (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন অনুবিভাগ-১, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
- ৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ(সংশ্লিষ্ট এলাকা), ঢাকা।
- ৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত উপ-বিভাগ(সংশ্লিষ্ট এলাকা), ঢাকা।
- ৮। উপ-পরিচালক (সকল), ঢাকা ও চট্টগ্রাম, সরকারি আবাসন পরিদপ্তর।

৯। সহকারী পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর।

১০। সহকারী পরিচালক, আইসিটি শাখা, সরকারি আবাসন পরিদপ্তর।

১১। সভাপতি/সাধারণ সম্পাদক, [সংশ্লিষ্ট আবাসিক এলাকার কল্যাণ সমিতি/মসজিদ কমিটি]/(বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে ও সুবিধাজনক স্থানে প্রদর্শনের অনুরোধসহ)।

